পিতামাতাদের জন্য ইউনিভার্সেল প্রিকিন্ডারগার্টেন গাইড

প্রি-কে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আপনি প্রত্যাশা করতে পারেন, সেটা বুঝায় আপনাকে সহায়তা করা। বয়স ৫ হওয়ার আগেই মস্তিষ্কের শতকরা ৮৫ ভাগ সমৃদ্ধ হয়। প্রিস্কুলের সময়টি হচ্ছে সেই সময়, যখন মস্তিষ্ক তার কার্যক্ষমতার সর্বাধিক বিকাশ শুরু করে।[1] প্রি-কে-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষ্য জ্ঞান, দক্ষতা এবং স্কুলের শিক্ষার জন্য প্রয়োজনীয় দৃষ্টিভঙ্গী গ্রহণের জন্য আপনার সন্তানকে প্রস্তুত হতে সহায়তা করা। নিচে কিছু সাধারণ প্রি-কে কর্মকাণ্ডের সুপারিশ করা হলো যা সন্তানের শেখা বিষয়গুলোকে স্থায়ীত্ব দিতে ও অগ্রসর করতে আপনি বাড়িতে করতে পারেন। আপনাদের সাথে একযোগে কাজ করে আমরা আপনার সন্তানের স্কুলের যাত্রা শুভ হতে সহায়তা দিতে পারবো।

গ্রোস অ্যান্ড ফাইন মোটর

প্রি-কে আবহাওয়া ভালো থাকলে ছেলেমেয়েরা প্রতিদিন বাইরে খেলতে যায়। বাইরে খেলাধুলা করলে ছেলেমেয়েদের পেশি উন্নত হয়, সমন্বয়ক্ষমতা উন্নত হয়, এবং সুঅভ্যাসগুলো স্থায়ী রূপলাভ করে। সামাজিক দক্ষতা, যেমন ক্রমানুযায়ী কাজ করা, অন্যদের সাথে কথা বলা, বন্ধুত্ব পাতান, এবং মিলে মিশে কাজ করা, ইত্যাদি শেখার জন্য খেলার মাঠ খুব ভালো জায়গা।

বাড়িতে বিভিন্ন ধরনের গবিতিবিধি (মুভমেন্ট) দেখানোর জন্য সন্তানকে নিয়ে খেলার মাঠে নিয়ে যাবেন। হপ্সস্কচ, জাম্পরোপ, রেড লাইট, গ্রিন লাইট, এবং সাইডওয়াক চক দিয়ে ড্রয়িং করা, ইত্যাদি মাঠের খেলা খেলুন। আপনি শিশুকালে যেসব খেলা খেলতেন, সেগুলো খেলুন।

উচ্চরণ করে পাঠ করুন

প্রি-কে ক্লাসে ছেলেমেয়েরা প্রতিদিন গল্প শুনে। তারা প্রশ্ন করে, নতুন শব্দ শেখে এবং বইয়ের বিভিন্ন অংশ নিয়ে আলাপ-আলোচনা করে। এই সময় ছেলেমেয়েরা লিসেনিং (শ্রুতি), রিডিং (পাঠ), রাইটিং (লিখা) স্পিকিং (কথা বলা) এবং বিশ্লেষণী চিন্তা দক্ষতা আয়ত্ত করে। পরবর্তিতে কি ঘটবে, সেটা শোনার জন্য এবং শিক্ষক প্রতিবার পৃষ্ঠা উল্টানর সাথে সাথে তারা নতুন কি জানবে, সেটা জানার জন্য অধীর হয়ে অপেক্ষা করে।

বাড়িতে সন্তানকে সাথে নিয়ে বিভিন্ন রকমের বই পড়ুন। লাইব্রেরিতে যাবেন এবং গল্পের ও প্রবন্ধের বই, প্রাণী, মানুষ, স্থান, এবং অন্যান্য বিষয়ের বই ধার নেবেন। সন্তানকে ছবি দেখিয়ে দেখিয়ে গল্পটির কাহিনি বর্ণনা করে "পিকচার ওয়াক"-এ নিয়ে যাবেন। এরপর কি ঘটতে পারে, কিংবা গল্পে কেন একজন মানুষ বিশেষ একটি কাজ করে, সে ব্যাপারে প্রশ্ন করুন।

সেন্টার/চয়েস টাইম

প্রি-কে ছেলেমেয়েরা নির্ধারণ করবে প্রতিদিন তারা কোথায় অনুসন্ধান, আবিষ্কার, এবং শিক্ষালাভ করবে। তারা নিজে নিজে কাজ করার কিংবা অন্য ছেলেমেয়েদের সাথে সেন্টার/চয়েস টাইম কর্মকাণ্ডের মাধ্যমে স্বনির্ভর হতে শিখবে। তারা পাঠ করবে ও লিখবে, কোন কিছু বানাবে, কাটবে, রঙ দেবে এবং অভিনয় করবে। তারা কোন কিছু পরিকল্পনা করা, সম্পাদন করা এবং পর্যালোচনা করার অনুশীলন করবে, যা তারা সেন্টারে করেছে। একটি শিশুর সামাজিক-আবেগগত গঠনে এসব দক্ষতা অর্জন করা গুরুত্বপূর্ণ।

---

[1] ন্যাশন্যাল রিসার্চ কাউন্সিল অ্যান্ড ইন্সটিটিউট অব মেডিসিন, ২০০০, *ফ্রম নিউরন টু নেইবারহুড: দি সায়েন্স অব আর্লি চাইল্ডহুড ডেভেলপমেন্ট।* ওয়াশিংটন ডিসি: ন্যাশন্যাল অ্যাকাডেমি প্রেস।

বাড়িতে আপনার সন্তান স্কুলে কি পড়ে আসবে, কোন্ গেম খেলবে, কিংবা কোন রংয়ের তোয়ালে ব্যবহার করবে, সে সিদ্ধান্ত তাকে নিতে দিন। সন্তানকে একটি পরিকল্পনা তৈরি করতে (যেমন, তারা বন্ধুর সাথে কোন্ ধরনের গেম খেলবে বা কোন্ খেলা খেলবে) এবং বাস্তবায়ন করতে বলুন। তারপর কাজটা কেমন হলো, সে বিষয়ে তার সাথে কথা বলে এবং তাদের পরিকল্পনা কিভাবে কাজ করেছে, সে প্রশ্ন করে তার ভাবনা-চিন্তা প্রকাশ করতে সহায়তা করুন।

ক্লাস মিটিং

প্রি-কে ক্লাস ছেলেমেয়েরা একত্রিত হয় এবং একটি শিক্ষার্থী, অনুসন্ধানী, এবং বন্ধুত্বপূর্ণ কম্যুনিটিতে গড়ে তোলে। তারা দিনের পরিকল্পনা নিয়ে আলোচনা করে। তারা গল্প শুনে এবং প্রতিক্রিয়া ব্যক্ত করার সাথে সাথে গান গেয়ে এবং নার্সারি রাইম উচ্চারণ করে তাদের ভাষাগত দক্ষতা গড়ে তোলে। তারা গননা অনুশীলন করে, প্যাটার্ন-এর প্রতি নজর দেয় এবং অন্যান্য গাণিতিক ধারণার অনুসন্ধান করে।

বাড়িতে গান গায়, পরস্পরকে গল্প বলে, এবং কবিতা আবৃতি করে যা আপনিও শিশুকালে করেছেন। আপনার পরিবারের সম্পর্কে এবং আপনি ছোটবেলা যা করতেন, সেসব বিষয়ে গল্প বলুন। প্রতিদিনের আবহাওয়া সম্পর্কে বলুন এবং কেন মানুষ আবহাওয়ার কারণে ভিন্ন ভিন্ন পোশাক পরিধান করে, সে ব্যাপারে কথা বলুন।

ক্ষুদ্র গ্রুপ

প্রি-কে ক্লাসে ছেলেমেয়েরা যখন ক্ষুদ্র দলে বিভক্ত থাকে, তখন শিক্ষকের ও অন্যান্য ছেলেমেয়েদের সাথে নির্দিষ্ট কাজে মনোযোগ দেয়। তারা নতুন জ্ঞান অর্জন করে এবং শিক্ষক ও অন্যান্য শিক্ষার্থীদের সহায়তায় যা শেখে, তা অনুশীলন করে।

বাড়িতে যখন সম্ভব হবে, তখন আপনার সন্তানের সাথে একান্ত সময় ব্যয় করুন। তারা স্কুলে কি শিখেছে, সে ব্যাপারে আলাপ-আলোচনা করুন। গোসলের সময়, দিন, প্রিয় কর্মকাণ্ড এবং বন্ধুদের সম্পর্কে কথা বলুন।

খাবার সময়

প্রি-কে ক্লাসে খাওয়ার জন্য প্রস্তুতি গ্রহণের সময় ছেলেমেয়েদের একটি ভূমিকা রয়েছে। খাবার সাধারণত পারিবারিক স্টাইল অনুযায়ী প্রস্তুত করা হয় যাতে ছেলেমেয়েরা নিজেদের জন্য পরিবেশন করতে এবং খাবার বেলায় সমৃদ্ধ আলাপ-আলোচনায় অংশগ্রহণ করে সামাজিক দক্ষতা শিক্ষা অব্যাহত রাখতে পারে। শিক্ষকগণ সাধারণত ছেলেমেয়েদের সাথে আহার করেন, আদব-কায়দা ও কথাবার্তা বলার ক্ষেত্রে আদর্শ দৃষ্টান্ত স্থাপন করেন।

বাড়িতে খাবার সময়ের নিয়মিত সূচি তৈরি করেন। আপনার সন্তানকে খাবার সময়সূচি অনুযায়ী টেবিল প্রস্তুত করতে দিন। টেবিলে বসুন এবং সন্তানকে নিজ হাতে খাবার তোলে নিতে দিন। খাওয়া শেষে মোছামুছির সময় টেবিল পরিষ্কার করায়, ডিশগুলোকে সিংক-এ রাখায়, কিংবা বাসন ড্রয়ারে রাখায় তাকে সহায়তা করতে দিন।

প্রি-কে হলো আপনার সন্তানকে কলেজ এবং ভবিষ্যত কর্মক্ষেত্রের জন্য প্রস্তুত করার উদ্দেশ্যে প্রথম পদক্ষেপ।

এটি আপনাদের জন্য প্রস্তুত করেছে 'দি অফিস অব আরলি চাইল্ডহুড এডুকেশন'
www.nyc.gov/schools/earlychildhood
ফোন: 212-374-0351
তথ্যগুলো কি আপনার কাজে লেগেছে? আপনার অভিমত আমাদের জানতে দিন।
ইমেইল: earlychildhood@schools.nyc.gov
আমাদের ওয়েবসাইটে প্রি-কে কর্মসূচির সাইটগুলো সম্পর্কে জানতে পারবেন:
http://schools.nyc.gov/ChoicesEnrollment/PreK